

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
(এমপিও সেল)
www.tmed.gov.bd

স্মারক নং-৫৭.০০.০০০০.০৪০.০৬.০৯৩.১৮-২৩

তারিখঃ ২৫ বৈশাখ ১৪২৬
০৮ মে ২০১৯


বিষয়ঃ ভোলা জেলার লালমোহন উপজেলাধীন লর্ডহার্ডিঞ্জ ফাযিল ডিগ্রী মাদ্রাসার উপাধ্যক্ষ জনাব অলি উল্লাহ এর বেতনভাতা প্রাপ্তির আবেদন মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরে অগ্রায়ন।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, বেসরকারি মাদ্রাসায় নিয়োগপ্রাপ্ত শিক্ষক কর্মচারীদের বেতনভাতা প্রাপ্তির আবেদনপত্র সংশ্লিষ্ট উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার/ জেলা শিক্ষা অফিসারের অগ্রায়নের পর সংশ্লিষ্ট অঞ্চলের উপপরিচালক কর্তৃক মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরে অগ্রায়ন করা হয়। অতঃপর মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর কর্তৃক বিদ্যমান বিধি- বিধানের আলোকে আবেদনকারী শিক্ষকের বেতনভাতা প্রাপ্তি/এম.পি.ডুক্তির বিষয়টি নিষ্পত্তি করা হয়ে থাকে।

উল্লেখ্য মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের মনোনীত প্রতিনিধির উপস্থিতিতে লর্ডহার্ডিঞ্জ ফাযিল ডিগ্রী মাদ্রাসার উপাধ্যক্ষ জনাব অলি উল্লাহ এর নিয়োগ প্রক্রিয়া সম্পন্ন হয়েছে বিধায় তার বেতন-ভাতা প্রাপ্তির বিষয়টি আবশ্যিকভাবে মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর হতে নিষ্পত্তির বিধান রয়েছে।

এমতাবস্থায়, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, লালমোহন, ভোলা এবং জেলা শিক্ষা অফিসার, ভোলা কর্তৃক তার দপ্তরে অগ্রায়নকৃত বর্ণিত উপাধ্যক্ষের বেতনভাতা প্রাপ্তির আবেদনটি মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর বরাবরে অগ্রায়নের জন্য তাকে নির্দেশক্রমে অনুরোধ করা হল।

উপ-পরিচালক,
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা
বরিশাল অঞ্চল, বরিশাল


মোঃ আয়াতুল ইসলাম
উপসচিব (এমপিও)
ফোনঃ ৯৫৭৮০৪০

অনুলিপিঃ

- ১। মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, রেড ক্রিসেন্ট বোরাক টাওয়ার, ইস্কাটন গার্ডেন রোড, ঢাকা।
- ২। সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, পরিবহন পুল ভবন, ঢাকা।
- ৩। জেলা শিক্ষা অফিসার, ভোলা।
- ৪। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, লালমোহন, ভোলা।
- ৫। অধ্যক্ষ, লর্ডহার্ডিঞ্জ ডিগ্রী ফাযিল মাদ্রাসা, লালমোহন, ভোলা।
- ৬। অতিরিক্ত সচিব (প্রশাঃ ও উন্নঃ) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, পরিবহন পুল ভবন, ঢাকা।
- ৭। যুগ্ম সচিব (প্রশাসন ও অর্থ) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, পরিবহন পুল ভবন, ঢাকা।
- ৮। অফিস কপি।